তথ্য প্রযুক্তি আইন (সাইবার কেফের জন্য নির্দেশিকা)-এর গুরুত্বপূর্ণ বিন্দুগুলি, 2011

লগ রেজিস্টার

1. একটি সাইবার কেফে নিম্নতম 1 বছরের জন্য ডিজিটাল বা ফিজিকাল লগ রেজিস্টার তৈরী করবে।
2. লগ রেজিস্টারে নিম্নলিখিত বিবরণগুলি থাকা বাঞ্ছনীয়

ক. নাম
খ. ঠিকানা
গ. লিঙ্গ
ঘ. যোগাযোগ নম্বর
ঙ. পরিচয় তথ্যের প্রকার এবং বিশদ বিবরণ
চ. তারিখ
ছ. কম্পিউটার টার্মিনাল পরিচয়
জ. লগ ইন সময়
ঝ. লগ আউট সময়

3. সাইবার কেফে রেজিস্ট্রেশন এজেন্সির নির্দেশ অনুযায়ী ব্যক্তি বা এজেন্সির কাছে আগামী মাসের 5 তারিখ থেকে প্রত্যেক সাইবার কেফেকে লগ রেজিস্টারের হার্ড বা সফট কপি জমা করতে হবে (এজেন্সি নিয়োগ করা হবে এবং উপযুক্ত সরকারী বিভাগ দ্বারা জানানো হবে)।

পরিচয় তথ্য

1. যেকোন কম্পিউটার ব্যবহার করার আগে সাইবার কেফে ব্যবহারকারীকে নিম্নলিখিত যেকোন একটি তথ্য দেখানোর জন্য বলবেঃ
   ক. যেকোন স্কুল বা কলেজের ইস্যু করা পরিচয় পত্র; অথবা
   খ. যেকোন ব্যাংক বা পোস্ট অফিসের ইস্যু করা ফটো ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড; অথবা
   গ. পাসপোর্ট; অথবা
   ঘ. ভোটার পরিচয় পত্র; অথবা
   ঙ. আয়কর কর্তৃপক্ষের ইস্যু করা পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (PAN) কার্ড; অথবা
   চ. নিয়োগর্তা বা কোন সরকারী এজেন্সী দ্বারা ইস্যু করা ফটো পরিচয় পত্র; অথবা
   ছ. উপযুক্ত সরকার দ্বারা ইস্যু করা ড্রাইভিং লাইসেন্স; অথবা
   জ. ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া (UIDAI) দ্বারা ইস্যু করা ইউনিক আইডেন্টিফিকেশন (UID) নম্বর
2. সাইবার কেফে এই তথ্যগলির স্ক্যান প্রতিলিপি বা ফটোকপি রাখতে পারে।
3. সাইবার কেফেকে এটাও অনুমতি দেওয়া হচ্ছে যে যদি কেউ ওয়েব ক্যামেরা ব্যবহার করে তাহলে তার ফটোগ্রাফ ও তুলে রাখতে পারেন এবং ডিজিটাল বা ফিজিকাল ফর্মে তা সাইবার কেফে লগ রেজিস্টারের অংশ হিসাবে রাখতে পারেন।

ওয়েবসাইটে প্রবেশ

1. ব্যবহারকারী যে যে ওয়েবসাইটগুলো পরিদর্শন করেছেন সাইবার কেফে সেগুলোর হিস্ট্রির বেকআপ নিয়মিত স্টোর করে রাখবেন
2. সাইবার কেফের সব কম্পিউটারগুলো বাণিজ্যিক ভাবে নিরাপত্তা বা ফিল্টারিং সফটওয়্যার দ্বারা সুসজ্জিত হওয়া দরকার যাতে যতদুর স□ব অশ্লীল ওয়েবসাইটগুলির প্রবেশ বিশেষ করে শিশুদের অশ্লীলতা বা অশ্লীল তথ্য থেকে দূরে রাখা যায়।

ভৌতিক লে-আউট এবং কম্পিউটার রিসোর্স (সম্পদ)

1. ইনস্টল করা সবগুলো কম্পিউটারের স্ক্রিন পার্টিশন বা পর্দা ছাড়া 'বাইরের দিকে' মুখ করা হতে হবে, মানে তাদের মুখ থাকতে হবে সাইবার কেফের খুলা জায়গার দিকে
2. সাইবার কেফেতে ইনস্টল করা সবগুলো কম্পিউটার এবং সার্ভারের ঘড়ি ভারতীয় স্ট্যান্ডার্ড সময় অনুসারে একই হতে হবে
3. সাইবার কেফেতে উপযুক্ত নিবারক উপায় থাকতে হবে যাতে ব্যবহারকারী কম্পিউটার সেটিং-এ কোনরকমের হস্তক্ষেপ করতে চাইলে তা আটকানো যায়
4. সাইবার কেফেগুলো লগ রেজিস্টারের তথ্যের কোনরকমের অপব্যবহার বা পরিবর্তন করতে পারবে না

আরও বিশদ বিবরণের জন্য ভিজিট করুনঃ http://www.mit.gov.in/sites/upload files/dit/files/GSR315E 10511(1).pdf

বিজ্ঞপ্তি

নতুন দিল্লি, 11 এপ্রিল, 2011

G.S.R. 315(E).— ধারা 87-এর উপ-ধারা (2)-এর অনুচ্ছেদ (zg) এর সঙ্গে তথ্য এবং প্রযুক্তি আইন, 2000 (2000-এর 21)-এর ধারা 79-এর উপ-ধারা (2)-তে প্রদান করা ক্ষমতাগুলি প্রয়োগ করার ক্ষেত্রে কেন্দ্র সরকার নিম্নলিখিত নিয়মগুলি তৈরী করেছেন, যেমনঃ-

1. সংক্ষিপ্ত নাম এবং আর□— (1) এই নিয়মগুলিকে বলা যেতে পারে তথ্য এবং প্রযুক্তি (সাইবারকেফেগুলোর জন্য নির্দেশিকা) নিয়ম, 2011।

(2) সরকারি রাজপত্রে প্রকাশ হওয়ার তারিখ থেকে এগুলো বলবৎ হবে।

2. সংজ্ঞাগুলি — (1) এই নিয়মগুলিতে, যদিনা প্রসঙ্গটি অন্যথায় প্রয়োজন বোধ করে,--

(ক) "আইন" মানে হলো তথ্য এবং প্রযুক্তি আইন, 2000 (2000-এর 21);
(খ)" উপযুক্ত সরকার" মানে হলো কেন্দ্র সরকার বা রাজ্য সরকার অথবা কেন্দ্র শাসিত অঞ্চল;
(গ) "সাইবার কেফে" মানে হলো আইনের ধারা 2-এর উপ-ধারা (1)-এর (na) অনুচ্ছেদে উল্লেখ করা সাইবার কেফেগুলি;
(ঘ) " কম্পিউটার রিসোর্স " মানে হলো আইনের ধারা 2-এর উপ-ধারা (1)-এর অনুচ্ছেদ (k)-তে উল্লেখ করা কম্পিউটার রিসোর্সগুলি;
(ঙ) "ডাটা" মানে হলো আইনের ধারা 2-এর উপধারা (1)-এর অনুচ্ছেদ (o) তে উল্লেখ করা ডাটাসমূহ;
(চ) "তথ্য " মানে হলো আইনের ধারা 2-এর উপধারা (1)-এর অনুচ্ছেদ (v)তে উল্লেখ করা তথ্যসমূহ;
(ছ) "মধ্যস্থতা" মানে হলো আইনের ধারা 2-এর উপধারা (1)-এর অনুচ্ছেদ (w) তে উল্লেখ করা মধ্যস্থতাসমূহ;
(জ) "রেজিস্ট্রেশন এজেন্সি" মানে হলো সাইবার কেফেগুলোকে তাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য রেজিস্টার করার উ□শ্যে উপযুক্ত সরকার দ্বারা নামাঙ্কন করা এজেন্সি ;
(ঝ) " লগ রেজিস্টার" -মানে হলো একটি রেজিস্টার যেটি কম্পিউটার ব্যবহার করার সময় সাইবার কেফে ব্যবহার করে থাকে ;

(ঞ) "ব্যবহারকারী" সেই ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বোঝায় যিনি বা যারা সাইবার কেফের কম্পিউটার সম্পদ ব্যবহার করার সুযোগ নিয়ে থাকেন।

(2) অন্যান্য শব্দসমূহ এবং অভিব্যক্তিগুলি যা ব্যবহার করা হয়েছে কিন্তু এই নিয়মগুলিতে সংজ্ঞায়িত করা হয় নি কিন্তু আইনে সংজ্ঞায়িত করা হয়েছে সেগুলির নির্দিষ্ট অর্থ থাকবে যখন এগুলি আইনে প্রয়োগ করা হবে।

3. সাইবার কেফের রেজিস্ট্রেশনের জন্য এজেন্সি— (1) সমস্ত সাইবার কেফেগুলোকে একটি অনন্য রেজিস্ট্রেশন নম্বর সহ উপযুক্ত সরকারের বিজ্ঞপ্তি অনুসারে রেজিস্ট্রেশন এজেন্সির কাছে রেজিস্টারভুক্ত হতে হবে। রেজিস্ট্রেশন শব্দের ব্যাপক অর্থে অন্তর্ভুক্ত হলোঃ

(i) প্রতিষ্ঠানের নাম;

(ii) ইমেল ঠিকানা সহ যোগাযোগ বিবরণ ও ঠিকানা;

(iii) কোন ব্যক্তিগত বা অংশিদারী বা সম্পূর্ণ মালিকানা বা সামাজিক অথবা কোম্পানি;

(iv) একত্রীকরণের তারিখ:

(v) মালিক/অংশীদার/স্বত্বাধিকারী/নির্দেশকের নাম;

(vi) রেজিস্টারভুক্ত আছে কি না (যদি থাকে, ফার্মের রেজিস্ট্রার বা কোম্পানি বা সমিতির রেজিস্ট্রারের রেজিস্ট্রেশনের প্রতিলিপি); এবং

(vii) সাইবার কেফে থেকে কি ধরণের পরিষেবা প্রদান করা হবে

রেজিস্ট্রেশন এজেন্সি থেকে একজন অফিসার নিজে পরিদর্শন করে সাইবার কেফে রেজিস্ট্রেশন করবেন।

(2) রেজিস্ট্রেশন এজেন্সির ওয়েবসাইটে সাইবার কেফের রেজিস্ট্রেশনের সম্পূর্ণ বিবরণ প্রকাশ করা হবে।

(3) উপযুক্ত সরকার অনলাইন রেজিস্ট্রেশন সুবিধা প্রদান করার জন্য চেষ্টা করবেন যাতে সাইবার কেফেগুলি অনলাইন রেজিস্টার করা যায়।

(4) উপযুক্ত সরকারের বিজ্ঞপ্তি অনুসারে প্রত্যেক রেজিস্ট্রেশন এজেন্সিকে রেজিস্ট্রেশনের যে সম্পূর্ণ প্রক্রিয়াগুলো বাধ্যতামূলক ভাবে অনুসরণ করতে হবে সেগুলো আলাদা ভাবে কেন্দ্র সরকার দ্বারা এই নিয়মগুলোতে জানানো হবে।

4. ব্যবহারকারীর সনাক্তকরণ— (1) যেকোন ব্যবহারকারী যদি তার নিজের পরিচয় পত্র দেখাতে না পারেন তাহলে সাইবার কেফে তাকে কম্পিউটার ব্যবহার করতে দেবে না। ইচ্ছুক ব্যক্তি নিজের পরিচয় হিসাবে এমন কোন তথ্য দেখাবেন যেটি তার পরিচয় দেবে এবং যেটি দেখে সাইবার কেফে সন্তুষ্ট হবে। এই তথ্যগুলির মধ্যে নিম্নলিখিত যেকোন একটি থাকতে পারে :—

(i) যেকোন স্কুল বা কলেজের ইস্যু করা পরিচয় পত্র; অথবা

(ii) ব্যাংক বা পোস্ট অফিস দ্বারা ইস্যু করা ফটো ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ড; অথবা

(iii) পাসপোর্ট; অথবা

(iv) ভোটার পরিচয় পত্র; অথবা

(v) আয়কর কর্তৃপক্ষের ইস্যু করা পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (PAN) কার্ড; অথবা

(vi) নিয়োগর্তা বা কোন সরকারী এজেন্সী দ্বারা ইস্যু করা ফটো পরিচয় পত্র; অথবা

(vii) উপযুক্ত সরকার দ্বারা ইস্যু করা ড্রাইভিং লাইসেন্স; অথবা

(viii) ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া (UIDAI) দ্বারা ইস্যু করা ইউনিক আইডেন্টিফিকেশন (UID) নম্বর

(2) সাইবার কেফে ব্যবহারকারীর পরিচয় পত্রের প্রমান ফটোকপি করে বা স্ক্যান করে ব্যবহারকারী এবং সাইবার কেফের অনুমোদিত প্রতিনিধি দ্বারা প্রমানিত হওয়ার পর একটি প্রতিলিপি নিজের কাছে রাখবেন রেকর্ড রাখার জন্য। এই ধরণের রেকর্ডগুলো কমপক্ষেও এক বছর পর্যন্ত সুরক্ষিত অবস্থায় রাখতে হবে।

(3) পরিচয় পত্র ছাড়াও ব্যবহারকারী যদি কম্পিউটারে ইনস্টল করা ওয়েব ক্যামেরা ব্যবহার করে থাকেন তাহলে উপ-ধারা (1) অনুযায়ী সাইবার কেফে তার ফটো তুলে রাখবেন ব্যবহারকারীর পরিচয় হিসাবে। এই ধরণের ওয়েব ক্যামেরা ফটোগ্রাফগুলি ব্যবহারকারী এবং সাইবার কেফের অনুমোদিত প্রতিনিধি দ্বারা প্রমানিত হতে হবে, এবং এগুলি লগ রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে নিজের হাতে বা ইলেকট্রনিক পদ্ধতিতে।

(4) কোন ফটো পরিচয় নেই এমন নাবালক হলে উপ-ধারা (1) অনুযায়ী যেকোন সাবালক ব্যক্তির যেকোন পরিচয় পত্রের তথ্য সঙ্গে দিতে হবে।

(5) ব্যবহারকারীর সঙ্গে যদি অন্য কোন ব্যক্তি সাইবার কেফেতে প্রবেশ করতে চান তাহলে উপ-ধারা (1)-এ তালিকাভুক্ত মতে প্রথমে তার নিজের যেকোন একটি পরিচয় পত্রের প্রতিলিপি দেখাতে হবে তারপরই তাকে ভিতরে আসতে দেওয়া হবে এবং উপ-ধারা (2) অনুসারে এই পরিচয় পত্রের রেকর্ড রাখতে হবে।

(6) যেকোন ব্যবহারকারী সম্বন্ধে সাইবার কেফের যদি কোন সন্দেহ বা উদ্বেগ দেখা দেয় তাহলে তারা অবিলম্বে পুলিশের কাছে রিপোর্ট করতে পারেন।

5. লগ রেজিস্টার— (1) নিয়ম 4-এর উপ-নিয়ম (1) মতে ব্যবহারকারী এবং তার সঙ্গে থাকা ব্যক্তির সনাক্তকরণ হওয়ার পর সাইবার কেফে প্রত্যেক ব্যবহারকারী.এবং তার সঙ্গীর প্রয়োজনীয় তথ্য লগ রেজিস্টারে কমপক্ষেও এক বছরের জন্য রেকর্ড করে রাখবেন।

(2) সাইবার কেফে লগ রেজিস্টারের অনলাইন ভার্সন ও রাখতে পারেন। লগ রেজিস্টারের এই অনলাইন ভার্সন ডিজিটাল এবং ইলেকট্রনিক হস্তাক্ষর ব্যবহার করে প্রমাণ করতে হবে। লগ রেজিস্টারে কমপক্ষেও ব্যবহারকারীর নিম্নলিখিত বিবরণগুলি থাকা বাঞ্ছনীয়, যেমন : —

(ii) নাম

(iii) ঠিকানা

(iv) লিঙ্গ

(v) যোগাযোগ নম্বর

(vi) পরিচয় পত্রের প্রকার এবং বিবরণ

(vii) তারিখ

(vii) কম্পিউটার টার্মিনাল সনাক্তকরণ

(viii) লগ ইন সময়

(ix) লগ আউট সময়

(3) সাইবার কেফেকে কম্পিউটার ব্যবহারের তারিখ অনুযায়ী সম্পূর্ণ বিবরণ সহ লগ রেজিস্টারের একটি মাসিক রিপোর্ট তৈরী কতে হবে এবং রেজিস্ট্রেশন এজেন্সির নির্দেশ অনুযায়ী ব্যক্তি বা এজেন্সির হাতে আগামী মাসের 5 তারিখে একটি হার্ড এবং সফট কপি জমা করতে হবে।

(4) সাইবার কেফে মালিকরা যেকোন ব্যবহারকারী দ্বারা কম্পিউটারের প্রতিটি অ্যাক্সেস বা লগইনের নিম্নলিখিত লগ রেকর্ডগুলি কমপক্ষেও এক বছরের জন্য সংরক্ষণ করার ক্ষেত্রে দায়িত্বশীল থাকবেন ঃ-

(i) সাইবার কেফেতে কম্পিউটার ব্যবহার করে কি কি ওয়েবসাইট দেখা হয়েছে তার ইতিহাস;

(ii) সাইবার কেফেতে ইনস্টল করা প্রোক্সি সার্ভারের লগগুলি।

লগ সম্পর্কীয় যেকোন সহায়তার জন্য সাইবার কেফেগুলোকে ইন্ডিয়ান কম্পিউটার ইমার্জেন্সি রেসপোন্স টীম (CERT-In) দ্বারা তৈরী করা এবং সময়ে সময়ে নবীকরণ করা "অডিটিং এবং লগিং এর জন্য নির্দেশিকা - CISG-2008-01" দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। এই তথ্যগুলো www.cert-in.org.in-তে উপল□

(5) সাইবার কেফেকে এটা সুনিশ্চিত করতে হবে যে লগ রেজিস্টারটিতে কোন পরিবর্তন করা হয় নি এবং কম পক্ষেও এক বছর পর্যন্ত এটিকে সুরক্ষিত অবস্থায় রাখা হয়েছে।

6. ফিজিকাল লেআউট এবং কম্পিউটার রিসোর্স ব্যবস্থাপনা- (1) পার্টিশন বা কোন পর্দা যদি সাইবার কেফের ভিতরে লাগানো হয় তাহলে সেগুলি মেঝে থেকে সাড়ে চার ফুট উঁচু হলে চলবে না।

(2) পার্টিশন এবং পর্দা ছাড়াও সব কম্পিউটারের স্ক্রীনগুলি 'সামনের দিকে' মুখ করা হতে হবে, মানে তাদের মুখটা সাইবার কেফের সামনের খুলা জায়গার দিকে থাকতে হবে।

(3) যেকোন সাইবার কেফেতে যদি পার্টিশন বা পর্দা লাগানো থাকে তাহলে কোন নাবালককে এই সাইবার কেফের কম্পিউটার ব্যবহার করতে দেওয়া হবে না যদিনা তাদের সঙ্গে তাদের মা-বাবারা আসেন।

(4) সাইবার কেফেতে ইনস্টল করা সবগুলো কম্পিউটার এবং সার্ভারের ঘড়ি ভারতীয় স্ট্যান্ডার্ড সময় অনুসারে একই হতে হবে

(5) সাইবার কেফের সব কম্পিউটারগুলো বাণিজ্যিক ভাবে নিরাপত্তা বা ফিল্টারিং সফটওয়্যার দ্বারা সুসজ্জিত হওয়া দরকার যাতে যতদুর স□ব অশ্লীল ওয়েবসাইটগুলির প্রবেশ বিশেষ করে শিশুদের অশ্লীলতা বা অশ্লীল তথ্য থেকে দূরে রাখা যায়।

(6) .সাইবার কেফেগুলোকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা দরকার যাতে এটা নিশ্চিত করা যায় যে তাদের কম্পিউটারগুলো কোন বেআইনি কাজে ব্যবহার করা হচ্ছে না।

(7) সাইবার কেফেতে অশ্লীল সাইটগুলো দেখা নিষিদ্ধ এবং বেআইনি তথ্যগুলি কপি করা বা ডাউনলোড করা নিষিদ্ধ ইত্যাদি দর্শানো একটি ডিসপ্লে বোর্ড রাখা দরকার যেটি পরিষ্কার ভাবে সব ব্যবহারকারীরা দেখতে পারেন।

(8) সাইবার কেফেতে উপযুক্ত নিবারক উপায় থাকতে হবে যাতে ব্যবহারকারী কম্পিউটার সেটিং-এ কোনরকমের হস্তক্ষেপ করতে চাইলে তা আটকানো যায়

(9) সাইবার কেফে ব্যবহারকারীর পরিচয় তথ্য এবং লগ রেজিস্টার সুরক্ষিত অবস্থায় রাখবেন

(10) এছাড়াও সাইবার কেফে এক বছরের জন্য তাদের কর্মীদের রেকর্ড রাখবেন

(11) সাইবার কেফেগুলো লগ রেজিস্টারের তথ্যের কোনরকমের অপব্যবহার বা পরিবর্তন করতে পারবে না

7. **সাইবার কেফের পরিদর্শন** : (1) রেজিস্ট্রেশন এজেন্সির অনুমোদন প্রাপ্ত একজন অফিসারকে যেকোন সময়ে এই নিয়মগুলো মেনে চলা হচ্ছে কি না তা দেখার জন্য সাইবার কেফেগুলো এবং তাদের কম্পিউটার রিসোর্স নেটওয়ার্ক পরিদর্শন করে দেখার অনুমতি দেওয়া হয়েছে। পরিদর্শনকারী অফিসারের চাহিদা মতো সাইবার কেফের মালিক সব রকম তথ্য, রেজিস্টার এবং যেকোন প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।

[F. No. 11(3)/2011-CLFE]

এন. রবি শঙ্কর, জয়েন্ট সেক্রেটারি (N. RAVI SHANKER, Jt. Secy.)